সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৪০ তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) জাতীয় পাঠ্যক্রমে বিনিয়োগ শিক্ষা অন্তর্ভূক্তিকরণ বিষয়ক পরিকল্পনা গ্রহণ করেছে। সে প্রেক্ষিতে, আজ ০৬ ডিসেম্বর ২০২২ইং, মঙ্গলবার দুপুর ০১:০০ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ভবনে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এমপি। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। এছাড়াও সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. শেখ শামসুদ্দিন আহমেদ, কমিশনার, বিএসইসি; ড. মোঃ মিজানুর রহমান, কমিশনার, বিএসইসি; জনাব মোঃ আবদুল হালিম, কমিশনার, বিএসইসি; ড. রুমানা ইসলাম, কমিশনার, বিএসইসি; জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি; জনাব রিপন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক, বিএসইসি; জনাব মোঃ মনসুর রহমান, পরিচালক, বিএসইসি; ড. তৌফিক আহমেদ চৌধুরী, মহাপরিচালক, বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস; অধ্যাপক ড. মাহমুদা আক্তার, নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট; জনাব মোঃ আলী আকবর খান, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড ; জনাব নীলাঞ্জন কুমার সাহা, ডীন, ব্যবসায় প্রশাসন অনুষদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ; ড. সাদেকুল ইসলাম, অধ্যাপক, ফিন্যান্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; ড. রঞ্জিত পোদ্দার, সহযোগী অধ্যাপক ,সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা; জনাব মুরশীদ আকতার, সহযোগী অধ্যাপক ও গবেষণা কর্মকর্তা, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড; মিজ প্রমা তাপসী খান এফসিসিএ, কান্ট্রি ডিরেক্টর, এসিসিএ বাংলাদেশ এবং মিজ মাইশা নানজীবা মুসা, বিসনেস রিলেশনশিপ এক্সেকিউটিভ, এসিসিএ বাংলাদেশ।

সভার প্রারম্ভে অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম জাতীয় পাঠ্যক্রমে বিনিয়োগ শিক্ষা অন্তর্ভূক্তকরণের গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন স্কুল, কলেজ পর্যায়ে বিনিয়োগের মৌলিক ধারণা প্রদান করা গেলে পরবর্তীতে তারা বিনিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত দক্ষতার সাথে নিতে পারবে।

মাননীয় শিক্ষা উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এমপি বিনিয়োগ শিক্ষার উপযোগীতা এবং প্রয়োজনীতার বিষয়ে আলোচনা করেন। তিনি উল্লেখ করেন যে, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে সামঞ্জস্য রেখে

সার্বজনীন বিনিয়োগ শিক্ষা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সরকার সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করছে। তিনি উল্লেখ করেন যে, স্কুল পর্যায়ে নতুন কারিকুলামের কাজ চলমান, যেখানে বিদ্যমান গ্রুপ সিস্টেম আর থাকছে না। ১৬ বছর পর্যন্ত সব বিষয়ে শিক্ষার্থীদের ন্যূনতম জ্ঞান বা ধারণা থাকা দরকার। যেহেতু বিনিয়োগ একটি অবিচ্ছেদ্য জীবন দক্ষতা, তাই নতুন কারিকুলামে বিনিয়োগ, সঞ্চয় ইত্যাদিসহ অর্থায়ন সম্পর্কিত মৌলিক ধারণা সংযুক্ত করা হবে।

বিএসইসি কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ তার বক্তব্যে বলেন, ডিজিটাল বুথ সারাদেশে বিস্তৃত করা হচ্ছে যার মাধ্যমে প্রত্যন্ত অঞ্চল থেকেও বিনিয়োগকারীরা বিনিয়োগ করার সুযোগ পাবেন। তিনি বিনিয়োগের ঝুকি নিরসণের জন্য বিনিয়োগ শিক্ষায় উদ্যোক্তা সৃষ্টি, আত্মকর্মসংস্থানসহ বিভিন্ন প্রেক্ষাপট ব্যাখ্যা করেন। তিনি জাতীয় পর্যায়ে বিভিন্ন শিক্ষা সম্পর্কিত মেলায় বিনিয়োগ সংক্রান্ত বিষয়াদি অন্তর্ভুক্ত করার সুপারিশ করেন।

উক্ত আলোচনা সভায় সঞ্চয়, বিনিয়োগ, ঝুঁকি সংক্রান্ত বিষয়গুলো দেশের শিক্ষা কার্যক্রমে সংযোজন করার জন্য প্রাথমিক আলোচনা হয়।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


Networking
DINNER


DINNER
November 29, 2022 | Hotel ANA Intercontinental Tokyo
Chief Guest
Mr. Salman Fazlur Rahman, MP
Private Industry and Investment Adviser to the Honorable Prime Minister
Chaired by
Professor Shibli Rubayat-Ul-Islam
Chairman, (Senior Secretary), Bangladesh Securities and Exchange Commission (BSEC)
Special Guests
Mr. Masud Bin Momen
Foreign Secretary (Senior Secretary), Ministry of Foreign Affairs
Government of the People's Republic of Bangladesh
H.E. Mr. Shahabuddin Ahmed
Ambassador of Bangladesh to Japan
Organized by
Supported by
oxygen